**Times Today BD**

জেলা প্রতিনিধি | খুলনা | 26 April, 2025

যশোরে সেনাবাহিনী ও পুলিশের যৌথ অভিযানে দুই নারী মাদক ব্যবসায়ীকে গাঁজা ও নগদ টাকাসহ আটক করা হয়েছে।শুক্রবার (২৫ এপ্রিল) সন্ধ্যা সাড়ে ৫টা থেকে রাত ১০টা ৪০ মিনিট পর্যন্ত যশোর  সদরের রামনগর ও চাউলিয়া  এলাকায় এই অভিযান পরিচালিত হয়।

আটককৃতরা হলেন – সদর উপজেলার রামনগর গ্রামের জাবেদের স্ত্রী ফাতেমা (৩৬) এবং চাউলিয়ার সাইদুলের স্ত্রী ছালমা বেগম (৪০)

অভিযানে ছালমা বেগমের কাছ থেকে ২ কেজি ১৫০ গ্রাম গাঁজা, গাঁজা মাপার মেশিন ও নগদ ৫ হাজার টাকা এবং ফাতেমার কাছ থেকে ১৩০ গ্রাম গাঁজা ও ৫৯ হাজার ৮০০ টাকা উদ্ধার করা হয়।

এ সময় মাদক ক্রয় করতে আসা আরও দুইজন ব্যক্তিকেও আটক করা হয়।তারা হলেন – সদর উপজেলার ঘোড়াগাছা গ্রামের শওকত আলীর ছেলে মিরাজুল ইসলাম (২২) এবং নরেন্দ্রপুর গ্রামের আজিজুল হাকিমের ছেলে আমিনুল্লাহ (২৭)।

স্থানীয় সূত্রে জানা গেছে, ছালমা বেগম ও ফাতেমা দীর্ঘদিন ধরে এলাকায় মাদক ব্যবসা করে আসছিলেন।সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে যৌথ বাহিনী এ অভিযান পরিচালনা করে।তবে অভিযানের সময় ছালমার স্বামী সাইদুল ও ফাতেমার স্বামী জাবেদ পালিয়ে যাওয়ায় তাদের আটক করা সম্ভব হয়নি।

অভিযান শেষে আটককৃত আসামি ও উদ্ধারকৃত মাদকদ্রব্য যশোর সদর থানায় হস্তান্তর করা হয়।এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা প্রক্রিয়াধীন রয়েছে।

সেনাবাহিনী পুলিশ যৌথ অভিযান গাঁজা মাদক ব্যবসায়ী

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:21

URL: https://www.timestodaybd.com/khulna/7758071489